খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে তিন ফসলি জমিতে কোনো শিল্পকারখানা স্থাপন না করার আহ্বান জানিয়েছেন ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী। গতকাল শনিবার ডিসিসিআই অডিটোরিয়ামে আয়োজিত 'ঢাকার বিকেন্দ্রীকরণ এবং বাংলাদেশের টেকসই নগরায়ণ' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আহ্বান জানান।

সেমিনারে বিশেষ অতিথি ছিলেন গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব কাজী ওয়াছি উদ্দিন এবং পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সচিব ড. ফারহিনা আহমেদ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন ঢাকা চেম্বারের সভাপতি ব্যারিস্টার মো. সামীর সাত্তার।

ভূমিমন্ত্রী বলেন, মেট্রোরেল অবকাঠামোর সম্প্রসারণের কাজ আরও ১০-১৫ বছর চলবে। কাজ শেষ হলে যানজট আরও কমবে এবং নগরবাসী উন্নত যোগাযোগ ব্যবস্থা উপভোগ করবে। ঢাকার উপশহরগুলোকে বসবাসের উপযোগী করার জন্য সরকার নিরসলভাবে কাজ করছে। এ ছাড়া সরকার অবকাঠামো খাতের উন্নয়ন এবং শিল্পায়নে জোর দেওয়ায় দেশের অর্থনীতি গতি পাচ্ছে বলেও দাবি করেন মন্ত্রী।

তিনি বলেন, পরিচালন ব্যয় হ্রাস এবং সরকারি কাজে স্বচ্ছতা ও সুশাসন নিশ্চিত করতেও কাজ করছে সরকার। এ ছাড়া ডিজিটাল সার্ভে সম্পন্ন হলে দেশবাসী আধুনিক সেবা সুবিধা পাবে। তিনি আরও বলেন, তিন ফসলি জমিতে কোনো শিল্পকারখানা স্থাপন করা যাবে না। কারণ, খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে হবে। পাশাপাশি দুই ফসলি জমিতেও কারখানা স্থাপন না করতে উদ্যোক্তাদের প্রতি আহ্বান জানান তিনি।

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব কাজী ওয়াছি উদ্দিন বলেন, ড্যাপ পুরোপুরি সংশোধন না করে ব্যবসায়ীদের হয়রানি বন্ধে মন্ত্রণালয় কাজ করছে। তিনি বলেন, রেজিস্ট্রেশনে করারোপের কারণে ফ্ল্যাট ও জমি বিক্রি বেশ কমে গেছে। তবে বিষয়টি নিয়ে এনবিআর কাজ করছে বলে আশা রাখি দ্রুত সমাধান আসবে।

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সচিব ড. ফারহিনা আহমেদ বলেন, ব্যবহৃত প্লাস্টিক বর্জ্য পরিবেশ, ভূমি ও নদীকে মারাত্মকভাবে দূষিত করে। এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের আরও মনোযোগী হওয়া প্রয়োজন।

মুক্ত প্রাণের প্রতিধ্বনি
ভোরের কাগজ
রবিবার, ০৩ সেপ্টেম্বর ২০২৩

## ডিসিসিআইয়ের সেমিনারে বক্তারা

# টেকসই অবকাঠামো উন্নয়নে গতি পাচ্ছে দেশের অর্থনীতি

■ টেকসই অবকাঠামো উন্নয়ন ঢাকার বিকেন্দ্রীকরণে ভূমিকা রাখবে- ডিসিসিআই সভাপতি

DCCI
ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি

কাগজ প্রতিবেদক : রাজধানীর ঢাকার উপশহরগুলোকে আরো উপযোগী করার জন্য সরকার নিরসলভাবে কাজ করছে বলে জানিয়েছেন ভূমি মন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী। তিনি বলেন, সরকার ঢাকার বাইরেও অবকাঠামো খাতে উন্নয়ন করেছে এবং আশা প্রকাশ করেন এর সুফল দেশবাসী সহসাই পাবেন। তিনি জানান, মেট্রোরেলের অবকাঠামোর সম্প্রসারণ আরো ১০-১৫ বছর চলমান থাকবে, ফলে যানজট কমবে এবং নগরবাসী উন্নত যোগাযোগ ব্যবস্থা উপভোগ করবেন।

ভূমিমন্ত্রী বলেন, বর্তমান সরকার অবকাঠামোখাতে উন্নয়ন ও শিল্পায়নে জোরারোপ করার কারণে আমাদের অর্থনীতিতে গতি পরিলক্ষিত হচ্ছে। তিনি জানান, ব্যবসা পরিচালন ব্যয় হ্রাস ও সরকারি কার্যক্রম স্বচ্ছতা এবং সুশাসন নিশ্চিতকল্পে সরকার কাজ করছে। মন্ত্রী বলেন, সিটি জরিপে কিছু ভুল পরিলক্ষিত হয়েছে, তবে ডিজিটাল সার্ভে গ্রহণের উদ্যোগ নিয়েছে, যা আগামী কয়েক বছরের মধ্যে সম্পন্ন হলে দেশবাসী আধুনিক সেবা সুবিধা পাবেন।

তিনি বলেন, তিন ফসলি জমিতে কোনো শিল্প-কারখানা নয় কারণ আমাদের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে হবে, সেই সঙ্গে দুই ফসলি জমিতেও শিল্প কারখানা স্থাপন না করার জন্য উদ্যোক্তাদের প্রতি আহ্বান জানান। কৃষিভিত্তিক শিল্প-কারখানায় আধুনিক প্রযুক্তি ব্যবহারের উপর তিনি জোরারোপ করেন। গতকাল শনিবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) অডিটোরিয়ামে আয়োজিত 'ঢাকার বিকেন্দ্রীকরণ এবং বাংলাদেশের টেকসই নগরায়ণ' শীর্ষক সেমিনারে ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এসব কথা বলেন। এছাড়াও অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব কাজী ওয়াছি উদ্দিন এবং পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সচিব ড. ফারহিনা আহমেদ। অনুষ্ঠানের স্বাগত বক্তব্য দেন ডিসিসিআইয়ের সভাপতি ব্যারিস্টার মো. সামীর সাত্তার।

সামীর সাত্তার বলেন, টেকসই নগরায়ণ এবং বিকেন্দ্রীকরণ নিশ্চিত করতে সুশাসন, পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন ও রাজনৈতিক সদিচ্ছার বিকল্প নেই। সুশাসন, পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন, রাজনৈতিক সদিচ্ছা, প্রান্তিক পর্যায়ে অবকাঠামো উন্নয়ন, পর্যাপ্ত গণপরিবহন ব্যবস্থা এবং টেকসই অবকাঠামো উন্নয়ন ঢাকা শহরের বিকেন্দ্রীকরণ এবং বাংলাদেশের টেকসই নগরায়ণে গুরুত্বপূর্ণ অবদান রাখবে।

তিনি বলেন, দেশের অর্থনৈতিক উন্নয়নের সঙ্গে নগরায়ণ এমনভাবে গড়ে উঠেছে, যেখানে আমাদের জিডিপির ৬৫ শতাংশ আসছে শহরাঞ্চল থেকে। ঢাকা কেন্দ্রিক নগরায়ণের জন্য আমরা যেভাবে যানজট, পানি দূষণ, বায়ু দূষণ প্রভৃতি চ্যালেঞ্জের মুখোমুখি হচ্ছি, সেই সঙ্গে আমাদের কর্মঘণ্টা নষ্ট হওয়ার পাশাপাশি বাড়ছে জ্বালানি খরচ ও স্বাস্থ্য ঝুঁকি। এ অবস্থায় ঢাকার বিকেন্দ্রীকরণের কোনো বিকল্প নেই। পাশাপাশি ঢাকার নগরবাসীর জীবনমান উন্নয়নের জন্য সুচিন্তিত কর্মপরিকল্পনা নীতি গ্রহণ করা সময়ের দাবি।

দেশের প্রতিটি শহরে দীর্ঘমেয়াদি বিনিয়োগ আকৃষ্ট করতে প্রয়োজনীয় আইনগত, প্রশাসনিক, অবকাঠামো ও আর্থিক সক্ষমতা বাড়ানো, পরিকল্পিত স্যাটেলাইট শহরের বিকাশ, ঢাকার বাইরে বসবাসকারীদের জন্য ট্যাক্স হলিডে, সুলভ মূল্যে ইউটিলিটি পরিষেবা প্রদানের পাশাপাশি আর্থিক প্রণোদনা প্রদানের আহ্বান জানান ব্যারিস্টার সামির সাত্তার। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ পরিবেশ আন্দোলনের সহসভাপতি এবং ভিত্তি স্থপতি বৃন্দের ব্যবস্থাপনা পরিচালক স্থপতি ইকবাল হাবিব। তিনি বলেন, বাংলাদেশে বর্তমানে প্রায় ৩৩ শতাংশ লোক নগরে বাস করেন এবং ঢাকা মহানগরীতে প্রতি বছর নতুন করে ৫ লাখ লোক যোগ হচ্ছে। অপরিকল্পিত নগরায়ণের জন্য আমরা প্রতিনিয়ত গৃহহীন জনসংখ্যা বৃদ্ধি, বর্জ্য বৃদ্ধি, পানি ও বায়ু দূষণ, বৃক্ষ নিধন ও তাপমাত্রা বৃদ্ধি, জলাবদ্ধতা, যানজট ও স্বাস্থ্য সংকটের শিকার হচ্ছি। তিনি বলেন, রাজধানীতে বিদ্যমান সবুজের পরিমাণ মাত্র ৮ শতাংশ, যা প্রতিনিয়ত হ্রাস পাচ্ছে। সবুজ সুরক্ষায় আমাদের আরো সচেতন হতে হবে। ঢাকার বিকেন্দ্রীকরণের ক্ষেত্রে পরিকল্পিত নগরায়ণ, শহরের বিকেন্দ্রীকরণ ও গ্রামীণ জীবনযাত্রার মান উন্নয়নে আরো জোরারোপ করার ওপর গুরুত্ব দেন তিনি। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব কাজী ওয়াছি উদ্দিন বলেন, ড্যাপের পুরোপুরি সংশোধন না করে, ব্যবসায়ীদের যেন হয়রানি না করা হয়, সে ব্যাপারে মন্ত্রণালয় কাজ করছে। তিনি বলেন, ফ্ল্যাট ও জমি রেজিস্ট্রেশনে করারোপের কারণে জমি ও ফ্ল্যাট বিক্রি বেশ কমে গেছে, তবে বিষয়টি নিয়ে এনবিআর কাজ করছে, আশা করি সমস্যার সমাধান হয়ে যাবে।

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সচিব ড. ফারহিনা আহমেদ বলেন, নাগরিক সুযোগ-সুবিধা নিশ্চিত করার পাশাপাশি আগামী প্রজন্মের জন্য একটি সুন্দর নগর আমাদের নিশ্চিত করতে হবে। তিনি বলেন, আমাদের ব্যবহৃত প্লাস্টিক বর্জ্য দেশের জলবায়ু, নদী মারাত্মকভাবে দূষণ করছে। এসব ব্যাপারে আরো মনোযোগী হতে হবে।

বণিক বার্তা
সমৃদ্ধির সহযাত্রী
রবিবার, ০৩ সেপ্টেম্বর ২০২৩



তিন ফসলি জমিতে কোনো শিল্প-কারখানা নয়, কারণ আমাদের খাদ্যনিরাপত্তা নিশ্চিত করতে হবে। সেই সঙ্গে দুই ফসলি জমিতেও শিল্প-কারখানা স্থাপন না করার জন্য উদ্যোক্তাদের প্রতি আহ্বান জানাই

**সাইফুজ্জামান চৌধুরী** : ভূমিমন্ত্রী
ডিসিসিআই অডিটরিয়ামে আয়োজিত 'ঢাকার বিকেন্দ্রীকরণ এবং বাংলাদেশের টেকসই নগরায়ণ' শীর্ষক সেমিনারে

দৈনিক বাংলা
রবিবার, ০৩ সেপ্টেম্বর ২০২৩

## ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী

# কেউ ৬০ বিঘার বেশি জমির মালিক হতে পারবে না

প্রতিবেদক, দৈনিক বাংলা

দেশে কেউ ৬০ বিঘার বেশি জমির মালিক হতে পারবে না। তিন ফসলি জমিতে কোনো স্থাপনাও করা যাবে না। দুই ফসলি জমিতেও স্থাপনা নির্মাণে নিরুৎসাহিত করা হবে।

ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী গতকাল শনিবার দুপুরে রাজধানীর মতিঝিলের ঢাকা চেম্বার ভবনে এক সেমিনারে এসব কথা বলেন। ঢাকার বিকেন্দ্রীকরণ ও দেশের টেকসই নগরায়ণবিষয়ক এই সেমিনারের আয়োজন করে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী বলেন, 'আগামী সংসদ অধিবেশনে ভূমি অপরাধ আইন, ভূমি পুনর্গঠন, সংস্কারসহ আমি তিনটা বিল উপস্থাপন করব। আশা করি, অক্টোবরে এসব পাস করাতে পারব।'

তিন ফসলি জমিতে স্থাপনা করতে দেয়া হবে না উল্লেখ করে ভূমিমন্ত্রী বলেন, 'প্রধানমন্ত্রীর পরিষ্কার নির্দেশনা আছে, তিন ফসলি জমিতে কোনো স্থাপনা আমরা করতে দেব না। তিন ফসলি জমিতে স্থাপনার এটার (আইন পাস হলে) মাধ্যমে বন্ধ হয়ে যাবে। আর দুই ফসলি জমিতে স্থাপনা করার ক্ষেত্রেও নিরুৎসাহিত করছি।'

ভূমিমন্ত্রী বলেন, 'কারও জমি ৬০ বিঘার ওপরে গেলে আমাদের মন্ত্রণালয়ের অনুমতি লাগবে। এ ছাড়া পারবে না। যুক্তি দেখাতে হবে, কী কারণে ৬০ বিঘার বেশি।'

এক ব্যক্তির ৬০ বিঘার বেশি জমির মালিকানা কেন ঠেকানো হবে, তা ব্যাখ্যা করতে গিয়ে ভূমিমন্ত্রী বলেন, 'দেখা গেল, আপনি চট্টগ্রামে ৬০ বিঘা জমি কিনলেন, আবার রংপুরে ৬০ বিঘা নিচ্ছেন। এটা আর হবে না। আমরা সে জন্য সিস্টেম উন্নয়ন করে দিচ্ছি। সেখানে থাকবে আপনার নামে কতটুকু জমি আছে। আপনি দেশের যে জায়গায় জমি কিনতে যান, সেখানেই ওটা দেখা যাবে। কিনতে গেলেই বলবে, আপনার নামে ইতোমধ্যে ৬০ বিঘা জমি আছে।'

কৃষি জমি প্রতিবছর কমছে এবং দেশের খাদ্য নিরাপত্তার বিষয়টিও দেখতে হবে বলে মনে করেন ভূমিমন্ত্রী। তিনি বলেন, 'আমাদের কিছু কিছু পকেট কৃষিভিত্তিক অঞ্চল হিসেবে রাখতে হবে। যেমন নওগাঁ, উত্তরবঙ্গের কিছু কিছু পকেট আছে। আমরা শুধু ইন্ডাস্ট্রি করতেই থাকব, তাহলে খাদ্য উৎপাদনের কী হবে? ফলে এখানে কোনো শিল্প হতে পারবে না। তবে সেখানে কৃষিভিত্তিক শিল্প হতে পারবে, যদিও এ ধরনের শিল্প দেশে এখনো চালু হয়নি।'

ডিসিসিআইয়ের সভাপতি মো. সমীর সাত্তারের সঞ্চালনায় অনুষ্ঠানে আরও বক্তব্য দেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সচিব ফারহিনা আহমেদ, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব কাজী ওয়াছি উদ্দিন, স্থপতি ইকবাল হাবিব, বেলার প্রধান নির্বাহী সৈয়দা রিজওয়ানা হাসান প্রমুখ।

দৈনিক বাংলা

দেশ রূপান্তর
রবিবার, ০৩ সেপ্টেম্বর ২০২৩

# ৩ ফসলি জমিতে স্থাপনা নয়

নিজস্ব প্রতিবেদক

## সেমিনারে ভূমিমন্ত্রী

দেশে কেউ ৬০ বিঘার বেশি জমির মালিক হতে পারবে না। তিন ফসলি জমিতে কোনো স্থাপনাও করা যাবে না। দুই ফসলি জমিতেও স্থাপনা নির্মাণে নিরুৎসাহিত করা হবে।

ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী গতকাল শনিবার দুপুরে রাজধানীর মতিঝিলের ঢাকা চেম্বার ভবনে এক সেমিনারে এসব কথা বলেন। ঢাকার বিকেন্দ্রীকরণ ও দেশের টেকসই নগরায়ণবিষয়ক এই সেমিনারের আয়োজন করে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী বলেন, 'আগামী সংসদ অধিবেশনে ভূমি অপরাধ আইন, ভূমি পুনর্গঠন, সংস্কারসহ আমি তিনটা বিল উপস্থাপন করব। আশা করি, অক্টোবরে এসব পাস করাতে পারব।'

তিন ফসলি জমিতে স্থাপনা করতে দেওয়া হবে না উল্লেখ করে ভূমিমন্ত্রী বলেন, 'প্রধানমন্ত্রীর পরিষ্কার নির্দেশনা আছে, তিন ফসলি জমিতে কোনো স্থাপনা আমরা করতে দেব না। তিন ফসলি জমিতে স্থাপনার এটার (আইন পাস হলে) মাধ্যমে বন্ধ হয়ে যাবে। আর দুই ফসলি জমিতে স্থাপনা করার ক্ষেত্রেও নিরুৎসাহিত করছি।'

ভূমিমন্ত্রী বলেন, 'কারও জমি ৬০ বিঘার ওপরে গেলে আমাদের মন্ত্রণালয়ের অনুমতি লাগবে। এ ছাড়া পারবে না। যুক্তি দেখাতে হবে, কী কারণে ৬০ বিঘার বেশি।'

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন গৃহায়ন ও গণপূর্ত সচিব কাজী ওয়াছি উদ্দিন এবং পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন সচিব ড. ফারহিনা আহমেদ।

অনুষ্ঠানের স্বাগত বক্তব্যে ঢাকা চেম্বারের সভাপতি ব্যারিস্টার মো. সামীর সাত্তার বলেন, দেশের অর্থনৈতিক উন্নয়নের সঙ্গে নগরায়ণ এমনভাবে গড়ে উঠেছে, যেখানে আমাদের জিডিপির ৬৫ শতাংশ আসছে শহরাঞ্চল থেকে।

তিনি বলেন, ঢাকাকেন্দ্রিক নগরায়ণের জন্য আমরা যেভাবে যানজট, পানিদূষণ, বায়ুদূষণ প্রভৃতি চ্যালেঞ্জের মুখোমুখি হচ্ছি, সেই সঙ্গে আমাদের কর্মঘণ্টা নষ্ট হওয়ার পাশাপাশি বাড়ছে জ্বালানি খরচ ও স্বাস্থ্যঝুঁকি, এমতাবস্থায় ঢাকার বিকেন্দ্রীকরণের কোনো বিকল্প নেই। ঢাকার বাইরে বসবাসকারীদের জন্য ট্যাক্স হলিডে, সুলভমূল্যে ইউটিলিটি পরিষেবা প্রদানের পাশাপাশি আর্থিক প্রণোদনা প্রদানের আহ্বান জানান ব্যারিস্টার সামির সাত্তার।

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব কাজী ওয়াছি উদ্দিন বলেন, ড্যাপের পুরোপুরি সংশোধন না করে, ব্যবসায়ীদের যেন হয়রানি না করা হয়, সে ব্যাপারে মন্ত্রণালয় কাজ করছে।

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সচিব ড. ফারহিনা আহমেদ বলেন, নাগরিক সুযোগ-সুবিধা নিশ্চিত করার পাশাপাশি আগামী প্রজন্মের জন্য একটি সুন্দর নগর আমাদের নিশ্চিত করতে হবে। আমাদের ব্যবহৃত প্লাস্টিক বর্জ্য দেশের জলবায়ু, নদী মারাত্মকভাবে দূষণ করছে, যার প্রতি আরও মনোযোগী হওয়া প্রয়োজন।

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ পরিবেশ আন্দোলনের সহসভাপতি এবং ভিত্তি স্থপতিদের ব্যবস্থাপনা পরিচালক স্থপতি ইকবাল হাবিব। তিনি বলেন, বাংলাদেশে বর্তমানে প্রায় ৩৩ শতাংশ লোক নগরে বাস করে এবং ঢাকা মহানগরীতে প্রতি বছর নতুন করে ৫ লাখ লোক যোগ হচ্ছে।

আলোচনায় অংশ নিয়ে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের স্থপতি অধিদপ্তরের সাবেক প্রধান স্থপতি কাজী গোলাম নাসির বলেন, ঢাকায় মানুষের আসার প্রবণতা হ্রাসে রাজধানীর বাইরে জনগণের জীবনযাত্রা পরিচালনায় শিক্ষা, স্বাস্থ্যসহ প্রয়োজনীয় অন্যান্য নাগরিক সেবা নিশ্চিত করতে হবে। তিনি আরও বলেন, আমরা অতি দ্রুত কৃষিজমি হারিয়ে ফেলছি, যা অত্যন্ত উদ্বেগের বিষয় এবং খাদ্য নিরাপত্তায় কৃষিজমি সুরক্ষায় আমাদের আরও মনোযোগী হওয়া প্রয়োজন।

মুক্ত আলোচনায় অংশ নিয়ে এ খাতের প্রতিনিধিরা যানজট নিরসনে বহুতলের পার্কিং সুবিধা বৃদ্ধি, এলিভেটেড এক্সপ্রেসওয়ে সংখ্যা বাড়ানো, বুড়িগঙ্গা নদীর নাব্য ও ব্যবহার উপযোগিতা বৃদ্ধি, পুরান ঢাকা থেকে কেরানীগঞ্জে শিল্প-কারখানা স্থানান্তরে অবকাঠামো উন্নয়ন ও প্রণোদনা সহায়তা প্রদানের সুপারিশ করা হয়।

দৈনিক
ইনকিলাব
THE DAILY INQILAB
রবিবার, ০৩ সেপ্টেম্বর ২০২৩

## ডিসিসিআই'র সেমিনারে বক্তারা

# টেকসই নগরায়ণ ও বিকেন্দ্রীকরণে রাজনৈতিক সদিচ্ছার বিকল্প নেই

অর্থনৈতিক রিপোর্টার : টেকসই নগরায়ণ এবং বিকেন্দ্রীকরণ নিশ্চিতে সুশাসন, পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন ও রাজনৈতিক সদিচ্ছার বিকল্প নেই বলে মনে করে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। গতকাল ডিসিসিআই অডিটোরিয়ামে আয়োজিত 'ঢাকার বিকেন্দ্রীকরণ এবং বাংলাদেশের টেকসই নগরায়ণ' শীর্ষক সেমিনারে সংস্থাটির সভাপতি ব্যারিস্টার মো. সামীর সাত্তার এ মন্তব্য করেন। সেমিনারে ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়াও অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব কাজী ওয়াছি উদ্দিন এবং পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সচিব ড. ফারহিনা আহমেদ।

সামীর সাত্তার বলেন, টেকসই নগরায়ণ এবং বিকেন্দ্রীকরণ নিশ্চিত করতে সুশাসন, পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন ও রাজনৈতিক সদিচ্ছার বিকল্প নেই। সুশাসন, পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন, রাজনৈতিক সদিচ্ছা, প্রান্তিক পর্যায়ে অবকাঠামো উন্নয়ন, পর্যাপ্ত গণপরিবহন ব্যবস্থা এবং টেকসই অবকাঠামো উন্নয়ন ঢাকা শহরের বিকেন্দ্রীকরণ এবং বাংলাদেশের টেকসই নগরায়ণে গুরুত্বপূর্ণ অবদান রাখবে। অনুষ্ঠানের স্বাগত বক্তব্যে সামীর সাত্তার বলেন, দেশের অর্থনৈতিক উন্নয়নের সঙ্গে নগরায়ণ এমনভাবে গড়ে উঠেছে, যেখানে আমাদের জিডিপির ৬৫ শতাংশ আসছে শহরাঞ্চল থেকে। ঢাকা কেন্দ্রিক নগরায়ণের জন্য আমরা যেভাবে যানজট, পানি দূষণ, বায়ু দূষণ প্রভৃতি চ্যালেঞ্জের মুখোমুখি হচ্ছি। একই সঙ্গে আমাদের কর্মঘণ্টা নষ্ট হওয়ার পাশাপাশি বাড়ছে জ্বালানি খরচ ও স্বাস্থ্য ঝুঁকি। এ অবস্থায় ঢাকার বিকেন্দ্রীকরণের কোনো বিকল্প নেই। পাশাপাশি ঢাকার নগরবাসীর জীবনমান উন্নয়নের জন্য সুচিন্তিত কর্মপরিকল্পনা নীতি গ্রহণ করা সময়ের দাবি।

দেশের প্রতিটি শহরে দীর্ঘমেয়াদি বিনিয়োগ আকৃষ্ট করতে প্রয়োজনীয় আইনগত, প্রশাসনিক, অবকাঠামো ও আর্থিক সক্ষমতা বাড়ানো, পরিকল্পিত স্যাটেলাইট শহরের বিকাশ, ঢাকার বাইরে বসবাসকারীদের জন্য ট্যাক্স হলিডে, সুলভ মূল্যে ইউটিলিটি পরিষেবা প্রদানের পাশাপাশি আর্থিক প্রণোদনা প্রদানের আহ্বান জানান ব্যারিস্টার সামির সাত্তার। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ পরিবেশ আন্দোলনের সহ-সভাপতি এবং ভিত্তি স্থপতিদের ব্যবস্থাপনা পরিচালক স্থপতি ইকবাল হাবিব। তিনি বলেন, বাংলাদেশে বর্তমানে প্রায় ৩৩ শতাংশ লোক নগরে বাস করেন এবং ঢাকা মহানগরীতে প্রতিবছর নতুন করে ৫ লাখ লোক যোগ হচ্ছে। অপরিকল্পিত নগরায়ণের জন্য আমরা প্রতিনিয়ত গৃহহীন জনসংখ্যা বৃদ্ধি, বর্জ্য বৃদ্ধি, পানি ও বায়ু দূষণ, বৃক্ষ নিধন ও তাপমাত্রা বৃদ্ধি, জলাবদ্ধতা, যানজট ও স্বাস্থ্য সঙ্কটের শিকার হচ্ছি।

প্রকাশনার ৭২ বছর
# সংবাদ
বাংলাদেশের মুখপত্র
রবিবার, ০৩ সেপ্টেম্বর ২০২৩

# টেকসই নগরায়ণে সুশাসন ও রাজনৈতিক সদিচ্ছার বিকল্প নেই : ডিসিসিআই




অর্থনৈতিক বার্তা পরিবেশক

টেকসই নগরায়ণে সুশাসন ও পরিকল্পনার যথাযথ বাস্তবায়নে রাজনৈতিক সদিচ্ছা জরুরি বলে অভিমত ব্যক্ত করেছেন বিশিষ্টজনরা। গতকাল ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'ঢাকার বিকেন্দ্রীকরণ এবং বাংলাদেশের টেকসই নগরায়ণ' শীর্ষক এক সেমিনারে বক্তারা এ অভিমত ব্যক্ত করেন। তারা বলেন, 'প্রান্তিক পর্যায়ে অবকাঠামো উন্নয়ন, পর্যাপ্ত গণপরিবহন ব্যবস্থা এবং টেকসই অবকাঠামো উন্নয়ন ঢাকা শহরের বিকেন্দ্রীকরণ এবং বাংলাদেশের টেকসই নগরায়ণে গুরুত্বপূর্ণ অবদান রাখবেন।'

ডিসিসিআই অডিটোরিয়ামে অনুষ্ঠিত সেমিনারে প্রধান অতিথি ছিলেন ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী। বিশেষ অতিথি হিসেবে ছিলেন গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব কাজী ওয়াছি উদ্দিন, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সচিব ড. ফারহিনা আহমেদ।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্যে ঢাকা চেম্বারের সভাপতি ব্যারিস্টার মো. সামীর সাত্তার বলেন, 'দেশের অর্থনৈতিক উন্নয়নের সঙ্গে নগরায়ণ এমনভাবে গড়ে উঠেছে, যেখানে আমাদের জিডিপির ৬৫ শতাংশ আসছে শহরাঞ্চল থেকে। ঢাকা কেন্দ্রিক নগরায়ণের জন্য আমরা যানজট, পানি দূষণ, বায়ু দূষণ প্রভৃতি চ্যালেঞ্জের মুখোমুখি হচ্ছি। সেই সঙ্গে আমাদের কর্মঘণ্টা নষ্ট হওয়ার পাশাপাশি বাড়ছে জ্বালানি খরচ ও স্বাস্থ্যঝুঁকি। এ অবস্থায় ঢাকার বিকেন্দ্রীকরণের কোন বিকল্প নেই। পাশাপাশি নগরবাসীর জীবনমান উন্নয়নের জন্য সুচিন্তিত কর্মপরিকল্পনা নীতি গ্রহণ করা সময়ের দাবি।'

দেশের প্রতিটি শহরে দীর্ঘমেয়াদি বিনিয়োগ আকৃষ্ট করতে প্রয়োজনীয় আইনগত, প্রশাসনিক, অবকাঠামো ও আর্থিক সক্ষমতা বাড়ানো, পরিকল্পিত স্যাটেলাইট শহরের বিকাশ, ঢাকার বাইরে বসবাসকারীদের জন্য ট্যাক্স হলিডে, সুলভ মূল্যে ইউটিলিটি পরিসেবা দেওয়ার পাশাপাশি আর্থিক প্রণোদনার আহ্বান জানান ব্যারিস্টার সামির সাত্তার। এছাড়া টেকসই নগরায়ণ ও শহরের বিকেন্দ্রীকরণ নিশ্চিত করতে সুশাসন, পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন ও রাজনৈতিক সদিচ্ছার কোন বিকল্প নেই বলে মত প্রকাশ করেন তিনি।

ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী বলেন, 'আমাদের সবকিছু ঢাকা কেন্দ্রিক। এটা থেকে বের হয়ে আসতে হবে। সরকার ঢাকার বাইরেও অবকাঠামো খাতে উন্নয়ন করেছে। এর সুফল দেশবাসী শীঘ্রই পাবেন।'

রাজধানীর উপ-শহরগুলোকে আরও উপযোগী করার জন্য সরকার নিরসলভাবে কাজ করছে জানিয়ে তিনি বলেন, 'মেট্রোরেলের অবকাঠামোর সম্প্রসারণ আরও ১০-১৫ বছর চলমান থাকবে। এতে যানজট কমবে এবং নগরবাসী উন্নত যোগাযোগব্যবস্থা উপভোগ করবেন।'

বর্তমান সরকার অবকাঠামো খাতের উন্নয়ন ও শিল্পায়নে জোর দেয়ার কারণে আমাদের অর্থনীতিতে গতি এসেছে মন্তব্য করে ভূমিমন্ত্রী বলেন, 'ব্যবসা পরিচালন ব্যয় কমানো এবং সরকারি কার্যক্রমে স্বচ্ছতা ও সুশাসন নিশ্চিত করতে সরকার কাজ করছে। সিটি জরিপে কিছু ভুল দেখা গেছে, তবে ডিজিটাল সার্ভে গ্রহণের উদ্যোগ নেওয়া হয়েছে, যা আগামী কয়েক বছরের মধ্যে সম্পন্ন হলে দেশবাসী আধুনিক সেবা গ্রহণ করতে পারবেন।'

সাইফুজ্জামান চৌধুরী বলেন, 'তিন ফসলি জমিতে কোনও শিল্প-কারখানা নয়, কারণ আমাদের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে হবে।' সেই সঙ্গে দুফসলি জমিতেও শিল্প কারখানা স্থাপন না করার জন্য উদ্যোক্তাদের প্রতি আহ্বান জানান তিনি। কৃষিভিত্তিক শিল্প-কারখানায় আধুনিক প্রযুক্তি ব্যবহারের ওপর জোর দেন মন্ত্রী।

ইকোনোমিক জোনের আশেপাশের জায়গায় শ্রমিকদের বাসস্থান তৈরিতে সরকার কাজ করছে জানিয়ে কাজী ওয়াছি উদ্দিন বলেন, 'ড্যাপের পুরোপুরি সংশোধন না করে, ব্যবসায়ীদের যেন হয়রানি না করা হয়, সে বিষয়ে মন্ত্রণালয় কাজ করছে। ফ্ল্যাট ও জমি রেজিস্ট্রেশনে করারোপের কারণে জমি ও ফ্ল্যাট বিক্রি বেশ কমে গেছে। তবে বিষয়টি নিয়ে এনবিআর কাজ করছে। আশা করি সমস্যার সমাধান হয়ে যাবে। গ্রাম উন্নয়নে শুধু প্রকল্প গ্রহণ করলেই হবে না, জীবনযাপনে সব প্রয়োজনীয় সুযোগ-সুবিধা নিশ্চিতের পাশাপাশি অর্থনৈতিক কর্মকাণ্ডের বিস্তার ঘটাতে হবে।'

তিনি বলেন, 'খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে কমপক্ষে ২৫ শতাংশ কৃষি জমি সুরক্ষা নিশ্চিত করার বিকল্প নেই।'

ড. ফারহিনা আহমেদ বলেন, 'নাগরিক সুযোগ-সুবিধা নিশ্চিতের পাশাপাশি আগামী প্রজন্মের জন্য একটি সুন্দর নগর নিশ্চিত করতে হবে। আমাদের ব্যবহৃত প্লাস্টিক বর্জ্য দেশের জলবায়ু, নদী দূষণ করছে। এর প্রতি আরও মনোযোগী হওয়া প্রয়োজন। অবকাঠামো উন্নয়নে মান নিশ্চিত করতে হবে, যেন এর মাধ্যমে পরিবেশের সুরক্ষা নিশ্চিত হয়।'

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ পরিবেশ আন্দোলনের সহ-সভাপতি ইকবাল হাবিব। তিনি বলেন, 'বাংলাদেশে বর্তমানে প্রায় ৩৩ শতাংশ লোক নগরে বাস করেন। ঢাকা মহানগরীতে প্রতি বছর নতুন করে ৫ লাখ লোক যোগ হচ্ছে। অপরিকল্পিত নগরায়ণের জন্য প্রতিনিয়ত গৃহহীন জনসংখ্যা বৃদ্ধি, বর্জ্য বৃদ্ধি, পানি ও বায়ু দূষণ, বৃক্ষ নিধন ও তাপমাত্রা বৃদ্ধি, জলাবদ্ধতা, যানজট ও স্বাস্থ্য সংকটের শিকার হচ্ছি আমরা। রাজধানীতে বিদ্যমান সবুজের পরিমাণ মাত্র আট শতাংশ, যা প্রতিনিয়ত কমছে। সবুজ সুরক্ষায় আমাদের আরও সচেতন হতে হবে।'

নির্ধারিত আলোচনায় গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের স্থপতি অধিদফতরের সাবেক প্রধান স্থপতি কাজী গোলাম নাসির, বাংলাদেশ পরিবেশ আইনজীবী সমিতির প্রধান নির্বাহী সৈয়দা রিজওয়ানা হাসান, বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্সের সভাপতি মোহাম্মদ ফজলে রেজা সুমন এবং নতুনধারা অ্যাসেট লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ডা. মো. শহীদ-উজ্জ-জামান অংশগ্রহণ করেন।

আলোচনায় অংশ নিয়ে কাজী গোলাম নাসির বলেন, 'ঢাকায় মানুষের আসার প্রবণতা কমাতে রাজধানীর বাইরে মানুষের জীবনযাত্রা পরিচালনায় শিক্ষা, স্বাস্থ্যসহ প্রয়োজনীয় অন্য নাগরিক সেবা নিশ্চিত করতে হবে। আমরা অতিদ্রুত কৃষি জমি হারিয়ে ফেলছি, যা উদ্বেগের বিষয়। খাদ্য নিরাপত্তায় কৃষিজমি সুরক্ষায় আমাদের আরও মনোযোগী হওয়া প্রয়োজন।'

সৈয়দা রিজওয়ানা হাসান বলেন, 'ঢাকা শহরের জন্য একটা ভিশন প্রয়োজন এবং এ জন্য সুশাসনের পাশাপাশি জনগণের সম্পৃক্ততা একান্ত অপরিহার্য। রাজউকের পুনর্গঠন করা এখন সময়ের দাবি। এছাড়া বর্জ্য ব্যবস্থাপনা নিশ্চিতের পাশাপাশি প্রতিটি শহরের মাস্টারপ্ল্যান থাকা প্রয়োজন বলে মত প্রকাশ করেন তিনি।'

মোহাম্মদ ফজলে রেজা সুমন বলেন, 'ঢাকা শহরের নগরায়ণে গৃহীত পরিকল্পনা বাস্তবায়নের ক্ষেত্রে সরকারি প্রতিষ্ঠানের উদাসীনতা পরিলক্ষিত হয়। এ ধরনের পরিকল্পনা বাস্তবায়নের ক্ষেত্রে আমাদের আরও মনোযোগী হতে হবে।'

মুক্ত আলোচনায় অংশ নিয়ে এ খাতের প্রতিনিধিরা যানজট নিরসনে বহুতল বিশিষ্ট পার্কিং সুবিধা বৃদ্ধি, এলিভেটেড এক্সপ্রেসওয়ের সংখ্যা বাড়ানো, বুড়িগঙ্গা নদীর নাব্য ও ব্যবহার উপযোগিতা বৃদ্ধি, পুরান ঢাকা থেকে কেরানীগঞ্জে শিল্প-কারখানা স্থানান্তরে অবকাঠামো উন্নয়ন ও প্রণোদনা সহায়তা দেয়ারও সুপারিশ করেন বক্তারা।

শেয়ার বিজ
রবিবার, ০৩ সেপ্টেম্বর ২০২৩

# ৬০ বিঘার বেশি জমির মালিক কেউ হতে পারবে না : ভূমিমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক

দেশে কেউ ৬০ বিঘার বেশি জমির মালিক হতে পারবে না। তিন ফসলি জমিতে কোনো স্থাপনাও করা যাবে না। দুই ফসলি জমিতেও স্থাপনা নির্মাণে নিরুৎসাহিত করা হবে।

ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী গতকাল শনিবার রাজধানীর মতিঝিলের ঢাকা চেম্বার ভবনে এক সেমিনারে এসব কথা বলেন। ঢাকার বিকেন্দ্রীকরণ ও দেশের টেকসই নগরায়ণবিষয়ক এই সেমিনারের আয়োজন করে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী বলেন, 'আগামী সংসদ অধিবেশনে ভূমি অপরাধ আইন, ভূমি পুনর্গঠন, সংস্কারসহ আমি তিনটা বিল উপস্থাপন করব। আশা করি, অক্টোবরে এসব পাস করাতে পারব।'

তিন ফসলি জমিতে স্থাপনা করতে দেয়া হবে না উল্লেখ করে ভূমিমন্ত্রী বলেন, 'প্রধানমন্ত্রীর পরিষ্কার নির্দেশনা আছে, তিন ফসলি জমিতে কোনো স্থাপনা আমরা করতে দেব না। তিন ফসলি জমিতে স্থাপনার এটার (আইন পাস হলে) মাধ্যমে বন্ধ হয়ে যাবে। আর দুই ফসলি জমিতে স্থাপনা করার ক্ষেত্রেও নিরুৎসাহিত করছি।'

ভূমিমন্ত্রী বলেন, 'কারও জমি ৬০ বিঘার ওপরে গেলে আমাদের মন্ত্রণালয়ের অনুমতি লাগবে। এছাড়া পারবে না। যুক্তি দেখাতে হবে, কী কারণে ৬০ বিঘার বেশি।'

এক ব্যক্তির ৬০ বিঘার বেশি জমির মালিকানা কেন ঠেকানো হবে, তা ব্যাখ্যা করতে গিয়ে ভূমিমন্ত্রী বলেন, 'দেখা গেল, আপনি চট্টগ্রামে ৬০ বিঘা জমি কিনলেন, আবার রংপুরে ৬০ বিঘা নিচ্ছেন। এটা আর হবে না। আমরা সে জন্য সিস্টেম উন্নয়ন করে দিচ্ছি। সেখানে থাকবে আপনার নামে কতটুকু জমি আছে। আপনি দেশের যে জায়গায় জমি কিনতে যান, সেখানেই ওটা দেখা যাবে। কিনতে গেলেই বলবে, আপনার নামে ইতোমধ্যে ৬০ বিঘা জমি আছে।'

কৃষি জমি প্রতি বছর কমছে এবং দেশের খাদ্য নিরাপত্তার বিষয়টিও দেখতে হবে বলে মনে করেন ভূমিমন্ত্রী। তিনি বলেন, 'আমাদের কিছু কিছু পকেট কৃষিভিত্তিক অঞ্চল হিসেবে রাখতে হবে। যেমন নওগাঁ, উত্তরবঙ্গের কিছু কিছু পকেট আছে। আমরা শুধু ইন্ডাস্ট্রি করতেই থাকব, তাহলে খাদ্য উৎপাদনের কী হবে? ফলে এখানে কোনো শিল্প হতে পারবে না। তবে সেখানে কৃষিভিত্তিক শিল্প হতে পারবে, যদিও এ ধরনের শিল্প দেশে এখনও চালু হয়নি।'

ডিসিসিআইয়ের সভাপতি মো. সমীর সাত্তারের সঞ্চালনায় অনুষ্ঠানে আরও বক্তব্য দেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সচিব ফারহিনা আহমেদ, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব কাজী ওয়াছি উদ্দিন, স্থপতি ইকবাল হাবিব, বেলার প্রধান নির্বাহী সৈয়দা রিজওয়ানা হাসান প্রমুখ।

The Daily Shomoyer Alo
সময়ের আলো
সত্য প্রকাশে আপোসহীন
রবিবার, ০৩ সেপ্টেম্বর ২০২৩




## সেমিনারে ডিসিসিআই সভাপতি

# টেকসই নগরায়ণে প্রয়োজন রাজনৈতিক সদিচ্ছা

নিজস্ব প্রতিবেদক

টেকসই নগরায়ণ এবং বিকেন্দ্রীকরণ নিশ্চিতে সুশাসন, পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন ও রাজনৈতিক সদিচ্ছার বিকল্প নেই। পাশাপাশি ঢাকা নগরবাসীর জীবনমান উন্নয়নের জন্য সুচিন্তিত কর্মপরিকল্পনা নীতি গ্রহণ করা সময়ের দাবি।

শনিবার ডিসিসিআই অডিটোরিয়ামে আয়োজিত 'ঢাকার বিকেন্দ্রীকরণ এবং বাংলাদেশের টেকসই নগরায়ণ' শীর্ষক সেমিনারে সংস্থাটির সভাপতি ব্যারিস্টার মো. সামীর সাত্তার এসব কথা বলেন।

সেমিনারে ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এ ছাড়াও অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব কাজী ওয়াছি উদ্দিন এবং পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সচিব ড. ফারহিনা আহমেদ।

সামীর সাত্তার বলেন, টেকসই নগরায়ণ এবং বিকেন্দ্রীকরণ নিশ্চিত করতে সুশাসন, পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন ও রাজনৈতিক সদিচ্ছার বিকল্প নেই। সুশাসন, পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন, রাজনৈতিক সদিচ্ছা, প্রান্তিক পর্যায়ে অবকাঠামো উন্নয়ন, পর্যাপ্ত গণপরিবহন ব্যবস্থা এবং টেকসই অবকাঠামো উন্নয়ন ঢাকা শহরের বিকেন্দ্রীকরণ এবং বাংলাদেশের টেকসই নগরায়ণে গুরুত্বপূর্ণ অবদান রাখবে।

তিনি বলেন, দেশের অর্থনৈতিক উন্নয়নের সঙ্গে নগরায়ণ এমনভাবে গড়ে উঠেছে, যেখানে আমাদের জিডিপির ৬৫ শতাংশ আসছে শহরাঞ্চল থেকে। ঢাকা কেন্দ্রিক নগরায়ণের জন্য আমরা যেভাবে যানজট, পানিদূষণ, বায়ুদূষণ প্রভৃতি চ্যালেঞ্জের মুখোমুখি হচ্ছি, সেই সঙ্গে আমাদের কর্মঘণ্টা নষ্ট হওয়ার পাশাপাশি বাড়ছে জ্বালানি খরচ ও স্বাস্থ্য ঝুঁকি। এ অবস্থায় ঢাকার বিকেন্দ্রীকরণের কোনো বিকল্প নেই। পাশাপাশি ঢাকার নগরবাসীর জীবনমান উন্নয়নের জন্য সুচিন্তিত কর্মপরিকল্পনা নীতি গ্রহণ করা সময়ের দাবি।

নতুন ধারার দৈনিক
আমাদের সময়
রবিবার, ০৩ সেপ্টেম্বর, ২০২৩



# তিন ফসলি জমিতে শিল্পকারখানা নয়

সাইফুজ্জামান চৌধুরী ভূমিমন্ত্রী

খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে তিন ফসলি জমিতে কোনো শিল্প-কারখানা স্থাপন না করার আহ্বান জানিয়েছেন ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী। সেই সঙ্গে দুই ফসলি জমিতেও শিল্প-কারখানা স্থাপন না করার জন্য উদ্যোক্তাদের প্রতি আহ্বান জানান তিনি। গতকাল শনিবার ডিসিসিআই অডিটোরিয়ামে আয়োজিত 'ঢাকার বিকেন্দ্রীকরণ এবং বাংলাদেশের টেকসই নগরায়ণ' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে এ আহ্বান জানান।

সেমিনারে বিশেষ অতিথি ছিলেন গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব কাজী ওয়াছি উদ্দিন এবং পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সচিব ফারহিনা আহমেদ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ঢাকা চেম্বারের সভাপতি মো. সামীর সাত্তার। ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী বলেন, মেট্রোরেলের অবকাঠামো সম্প্রসারণ আরও ১০-১৫ বছর চলমান থাকবে। ফলে যানজট কমবে এবং নগরবাসী উন্নত যোগাযোগ ব্যবস্থা উপভোগ করবেন। বর্তমান সরকার অবকাঠামো খাতে উন্নয়ন ও শিল্পায়নে জোরারোপ করার কারণে আমাদের অর্থনীতিতে গতি পরিলক্ষিত হচ্ছে। ব্যবসা পরিচালন ব্যয় হ্রাস ও সরকারি কার্যক্রম স্বচ্ছতা এবং সুশাসন নিশ্চিতকল্পে সরকার কাজ করছে। সিটি জরিপে কিছু ভুল পরিলক্ষিত হয়েছে, তবে ডিজিটাল সার্ভে গ্রহণের উদ্যোগ নিয়েছে, যা আগামী কয়েক বছরের মধ্যে সম্পন্ন হলে দেশবাসী আধুনিক সেবা সুবিধা পাবেন। গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব কাজী ওয়াছি উদ্দিন বলেন, ড্যাপের পুরোপুরি সংশোধন না করে, ব্যবসায়ীদের যেন হয়রানি না করা হয়, সে ব্যাপারে মন্ত্রণালয় কাজ করছে। ফ্ল্যাট ও জমি রেজিস্ট্রেশনে করারোপের কারণে জমি ও ফ্ল্যাট বিক্রি বেশ কমে গেছে, তবে বিষয়টি নিয়ে এনবিআর কাজ করছে। ● নিজস্ব প্রতিবেদক

# আজকালের খবর

রবিবার, ০৩ সেপ্টেম্বর ২০২৩





# টেকসই নগরায়ণ ও বিকেন্দ্রীকরণে রাজনৈতিক সদিচ্ছার বিকল্প নেই

● অর্থনৈতিক প্রতিবেদক

টেকসই নগরায়ণ এবং বিকেন্দ্রীকরণ নিশ্চিতে সুশাসন, পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন ও রাজনৈতিক সদিচ্ছার বিকল্প নেই বলে মনে করে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। গতকাল শনিবার ডিসিসিআই অডিটোরিয়ামে আয়োজিত 'ঢাকার বিকেন্দ্রীকরণ এবং বাংলাদেশের টেকসই নগরায়ণ' শীর্ষক সেমিনারে সংস্থাটির সভাপতি ব্যারিস্টার মো. সামীর সাত্তার এ মন্তব্য করেন। সেমিনারে ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়াও অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব কাজী ওয়াছি উদ্দিন এবং পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সচিব ড. ফারহিনা আহমেদ।সামীর সাত্তার বলেন, টেকসই নগরায়ণ এবং বিকেন্দ্রীকরণ নিশ্চিত করতে সুশাসন, পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন ও রাজনৈতিক সদিচ্ছার বিকল্প নেই। সুশাসন, পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন, রাজনৈতিক সদিচ্ছা, প্রান্তিক পর্যায়ে অবকাঠামো উন্নয়ন, পর্যাপ্ত গণপরিবহন ব্যবস্থা এবং টেকসই অবকাঠামো উন্নয়ন ঢাকা শহরের বিকেন্দ্রীকরণ এবং বাংলাদেশের টেকসই নগরায়ণে গুরুত্বপূর্ণ অবদান রাখবে।অনুষ্ঠানের স্বাগত বক্তব্যে সামীর সাত্তার বলেন, দেশের অর্থনৈতিক উন্নয়নের সঙ্গে নগরায়ণ এমনভাবে গড়ে উঠেছে, যেখানে আমাদের জিডিপির ৬৫ শতাংশ আসছে শহরাঞ্চল থেকে। ঢাকা কেন্দ্রিক নগরায়ণের জন্য আমরা যেভাবে যানজট, পানি দূষণ, বায়ু দূষণ প্রভৃতি চ্যালেঞ্জের মুখোমুখি হচ্ছি, সেই সঙ্গে আমাদের কর্মঘণ্টা নষ্ট হওয়ার পাশাপাশি বাড়ছে জ্বালানি খরচ ও স্বাস্থ্য ঝুঁকি।

এ অবস্থায় ঢাকার বিকেন্দ্রীকরণের কোনো বিকল্প নেই। পাশাপাশি ঢাকার নগরবাসীর জীবনমান উন্নয়নের জন্য সুচিন্তিত কর্মপরিকল্পনা নীতি গ্রহণ করা সময়ের দাবি। দেশের প্রতিটি শহরে দীর্ঘমেয়াদি বিনিয়োগ আকৃষ্ট করতে প্রয়োজনীয় আইনগত, প্রশাসনিক, অবকাঠামো ও আর্থিক সক্ষমতা বাড়ানো, পরিকল্পিত স্যাটেলাইট শহরের বিকাশ, ঢাকার বাইরে বসবাসকারীদের জন্য ট্যাক্স হলিডে, সুলভ মূল্যে ইউটিলিটি পরিষেবা প্রদানের পাশাপাশি আর্থিক প্রণোদনা প্রদানের আহ্বান জানান ব্যারিস্টার সামির সাত্তার। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ পরিবেশ আন্দোলনের সহ-সভাপতি এবং ভিত্তি স্থপতি বৃন্দ-এর ব্যবস্থাপনা পরিচালক স্থপতি ইকবাল হাবিব।তিনি বলেন, বাংলাদেশে বর্তমানে প্রায় ৩৩ শতাংশ লোক নগরে বাস করেন এবং ঢাকা মহানগরীতে প্রতিবছর নতুন করে পাঁচ লাখ লোক যোগ হচ্ছে। অপরিকল্পিত নগরায়ণের জন্য আমরা প্রতিনিয়ত গৃহহীন জনসংখ্যা বৃদ্ধি, বর্জ্য বৃদ্ধি, পানি ও বায়ু দূষণ, বৃক্ষ নিধন ও তাপমাত্রা বৃদ্ধি, জলাবদ্ধতা, যানজট ও স্বাস্থ্য সংকটের শিকার হচ্ছি।তিনি বলেন, রাজধানীতে বিদ্যমান সবুজের পরিমাণ মাত্র ৮ শতাংশ, যা প্রতিনিয়ত হ্রাস পাচ্ছে, সবুজ সুরক্ষা আমাদের আরও সচেতন হতে হবে। তিনি ঢাকার বিকেন্দ্রীকরণের ক্ষেত্রে পরিকল্পিত নগরায়ণ, শহরের বিকেন্দ্রীকরণ ও গ্রামীণ জীবনযাত্রার মান উন্নয়নে আরো জোরারোপ করতে হবে।

BANGLA NEWS 24.com
সংবাদ বিনোদন সারাক্ষণ

# ঢাকা কেন্দ্রিকতা থেকে বেরিয়ে আসতে হবে: ভূমিমন্ত্রী

স্টাফ করেসপন্ডেন্ট | বাংলানিউজটোয়েন্টিফোর.কম

আপডেট: ১৭১৪ ঘণ্টা, সেপ্টেম্বর ২, ২০২৩




**ঢাকা:** ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী বলেছেন, আমাদের সবকিছু ঢাকা কেন্দ্রিক, এটাই বাস্তবতা, তবে এটা থেকে বের হয়ে আসতে হবে।

শনিবার (২ সেপ্টেম্বর) ডিসিসিআই অডিটোরিয়ামে অনুষ্ঠিত ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত ঢাকার বিকেন্দ্রীকরণ এবং বাংলাদেশের টেকসই নগরায়ণ শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এ কথা বলেন।

মন্ত্রী বলেন, সরকার ঢাকার বাইরেও অবকাঠমোখাতে উন্নয়ন করেছে এবং আশা প্রকাশ করেন এর সুফল দেশবাসী সহসাই পাবেন।

তিনি জানান, মেট্রোরেলের অবকাঠামোর সম্প্রসারণ আরও ১০-১৫ বছর চলমান থাকবে, যা শেষ হলে যানজট কমবে এবং নগরবাসী উন্নত যোগাযোগ ব্যবস্থা উপভোগ করবেন। রাজধানীর ঢাকার উপশহরগুলোকে আরও উপযোগী করার জন্য সরকার নিরসলভাবে কাজ করছে বলে তিনি অবহিত করেন।

তিনি বলেন, বর্তমান সরকার অবকাঠামোখাতে উন্নয়ন ও শিল্পায়নে জোরারোপ করার কারণে আমাদের অর্থনীতিতে গতি পরিলক্ষিত হচ্ছে। ব্যবসা পরিচালন ব্যয় হ্রাস ও সরকারি কার্যক্রম স্বচ্ছতা এবং সুশাসন নিশ্চিতকল্পে সরকার কাজ করছে।

মন্ত্রী বলেন, সিটি জরিপে কিছু ভুল পরিলক্ষিত হয়েছে, তবে সরকার ডিজিটাল সার্ভে গ্রহণের উদ্যোগ নিয়েছে, যা আগামী কয়েক বছরের মধ্যে সম্পন্ন হলে দেশবাসী আধুনিক সেবা সুবিধা পাবেন।

তিনি বলেন, তিন ফসলি জমিতে কোনো শিল্প-কারাখানা নয়, কারণ আমাদের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে হবে। সেই সঙ্গে দুই ফসলি জমিতেও শিল্প কারখানা স্থাপন না করার জন্য উদ্যোক্তাদের প্রতি আহ্বান জানান তিনি।

পাশাপাশি কৃষিভিত্তিক শিল্প-কারখানায় আধুনিক প্রযুক্তি ব্যবহারের উপরও তিনি জোরারোপ করেন।

সেমিনারে সুশাসন, পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন, রাজনৈতিক সদিচ্ছা, প্রান্তিক পর্যায়ে অবকাঠামো উন্নয়ন, পর্যাপ্ত গণপরিবহন ব্যবস্থা এবং টেকসই অবকাঠামো উন্নয়ন ঢাকা শহরের বিকেন্দ্রীকরণ এবং বাংলাদেশের টেকসই নগারয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখবে বলে মত দেন অংশগ্রহণকারী আলোচকরা।

অনুষ্ঠানের স্বাগত বক্তব্যে ঢাকা চেম্বারের সভাপতি ব্যারিস্টার মো. সামীর সাত্তার বলেন, দেশের অর্থনৈতিক উন্নয়নের সঙ্গে নগরায়ণ এমনভাবে গড়ে উঠেছে, যেখানে আমাদের জিডিপির ৬৫ শতাংশ আসছে শহরাঞ্চল হতে।

তিনি বলেন, ঢাকা কেন্দ্রিক নগরায়ণের জন্য আমরা যেভাবে যানজট, পানি দূষণ, বায়ু দূষণ প্রভৃতি চ্যালেঞ্জের মুখোমুখি হচ্ছি, সেই সঙ্গে আমাদের কর্ম ঘণ্টা নষ্ট হওয়ার পাশাপাশি বাড়ছে জ্বালানি খরচ ও স্বাস্থ্যঝুঁকি। এমতাবস্থায় ঢাকার বিকেন্দ্রীকরণের কোনো বিকল্প নেই।

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব কাজী ওয়াছি উদ্দিন বলেন, গ্রাম উন্নয়নে শুধু প্রকল্প নিলেই হবে না, জীবনযাপনে সব প্রয়োজনীয় সুযোগ-সুবিধা নিশ্চিত করার পাশাপাশি অর্থনৈতিক কর্মকাণ্ড বিস্তার করতে হবে, যেন গ্রামের মানুষ আর্থিকভাবে সক্ষম হয়। ইকোনমিক জোনের আশেপাশের জায়গায় শ্রমিকদের বাসস্থান তৈরিতে সরকার কাজ করছে বলে তিনি অভিহিত করেন।

সচিব আরও বলেন, খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে কমপক্ষে ২৫ শতাংশ কৃষি জমি সুরক্ষা নিশ্চিত করার কোনো বিকল্প নেই।

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সচিব ড. ফারহিনা আহমেদ বলেন, নাগরিক সুযোগ-সুবিধা নিশ্চিত করার পাশাপাশি আগামী প্রজন্মের জন্য একটি সুন্দর নগর আমাদের নিশ্চিত করতে হবে।

তিনি বলেন, আমাদের ব্যবহৃত প্লাস্টিক বর্জ্য দেশের জলবায়ু, নদী মারাত্মকভাবে দূষণ করছে, এর প্রতি আরও মনোযোগী হওয়া প্রয়োজন।

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ পরিবেশ আন্দোলনের সহ-সভাপতি এবং ভিত্তি স্থপতির ব্যবস্থাপনা পরিচালক স্থপতি ইকবাল হাবিব।

তিনি বলেন, বাংলাদেশে বর্তমানে প্রায় ৩৩ শতাংশ লোক নগরে বাস করেন এবং ঢাকা মহানগরে প্রতিবছর নতুন করে পাঁচ লাখ লোক যোগ হচ্ছে।

তিনি জানান, রাজধানীতে বিদ্যমান সবুজের পরিমাণ মাত্র ৮ শতাংশ, যা প্রতিনিয়ত হ্রাস পাচ্ছে, সবুজ সুরক্ষা আমাদের আরো সচেতন হতে হবে।

তিনি ঢাকার বিকেন্দ্রীকরণের ক্ষেত্রে পরিকল্পিত নগরায়ণ, শহরের বিকেন্দ্রীকরণ ও গ্রামীণ জীবনযাত্রার মান উন্নয়নে আরও জোরারোপের আহ্বান জানান।

আলোচনায় অংশ নিয়ে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের স্থপতি অধিদপ্তরের সাবেক প্রধান স্থপতি কাজী গোলাম নাসির বলেন, ঢাকায় মানুষের আসার প্রবণতা হ্রাসে রাজধানীর বাইরে জনগণের জীবনযাত্রা পরিচালনায় শিক্ষা, স্বাস্থ্যসহ প্রয়োজনীয় অন্যান্য নাগরিক সেবা নিশ্চিত করতে হবে।

তিনি আরও বলেন, আমরা অতিদ্রুত কৃষি জমি হারিয়ে ফেলছি, যা অত্যন্ত উদ্বেগের বিষয় এবং খাদ্য নিরাপত্তায় কৃষিজমি সুরক্ষায় আমাদের আরও মনোযোগী হওয়া প্রয়োজন।

বাংলাদেশ পরিবেশ আইনজীবী সমিতির প্রধান নির্বাহী সৈয়দা রিজওয়ানা হাসান বলেন, ঢাকা শহরের জন্য একটা ভিশন প্রয়োজন এবং এজন্য সুশাসনের পাশাপাশি জনগণের সম্পৃক্ততা একান্ত অপরিহার্য।

তিনি বলেন, রাজউকের পুনঃগঠন করা এখন সময়ের দাবি। এছাড়াও বর্জ্য ব্যবস্থাপনা নিশ্চিত করার পাশাপাশি প্রতিটি শহরের মাস্টারপ্ল্যান থাকা প্রয়োজন বলে তিনি মত প্রকাশ করেন।

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্সের সভাপতি মোহাম্মদ ফজলে রেজা সুমন বলেন, ঢাকা শহরের নগরায়ণে গৃহীত পরিকল্পনা বাস্তবায়নের ক্ষেত্রে সরকারি প্রতিষ্ঠানের উদাসীনতা পরিলক্ষিত হয়, তাই এ ধরনের পরিকল্পনা বাস্তয়নের ক্ষেত্রে আমাদের আরও মনোযোগী হতে হবে। এছাড়াও তিনি দেশের নগর পরিকল্পনাবিদের কর্মপরিকল্পনা প্রণয়নে আরও সম্পৃক্ত করার ওপর জোরারোপ করেন।

বাংলা ট্রিবিউন

# টেকসই নগরায়নে সুশাসন ও রাজনৈতিক সদিচ্ছার বিকল্প নেই: ঢাকা চেম্বার

বাংলা ট্রিবিউন রিপোর্ট

০২ সেপ্টেম্বর ২০২৩, ১৭:৩২




টেকসই নগরায়নে সুশাসন ও পরিকল্পনার যথাযথ বাস্তবায়নে রাজনৈতিক সদিচ্ছা জরুরি বলে অভিমত ব্যক্ত করেছেন বিশিষ্টজনরা।

শনিবার (২ সেপ্টেম্বর) ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'ঢাকার বিকেন্দ্রীকরণ এবং বাংলাদেশের টেকসই নগরায়ন' শীর্ষক এক সেমিনারে বক্তারা এ অভিমত ব্যক্ত করেন। তারা বলেন, প্রান্তিক পর্যায়ে অবকাঠামো উন্নয়ন, পর্যাপ্ত গণপরিবহন ব্যবস্থা এবং টেকসই অবকাঠামো উন্নয়ন ঢাকা শহরের বিকেন্দ্রীকরণ এবং বাংলাদেশের টেকসই নগারয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখবেন।

ডিসিসিআই অডিটোরিয়ামে অনুষ্ঠিত সেমিনারে প্রধান অতিথি ছিলেন ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী। বিশেষ অতিথি হিসেবে ছিলেন গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব কাজী ওয়াছি উদ্দিন, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সচিব ড. ফারহিনা আহমেদ।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্যে ঢাকা চেম্বারের সভাপতি ব্যারিস্টার মো. সামীর সাত্তার বলেন, 'দেশের অর্থনৈতিক উন্নয়নের সঙ্গে নগরায়ন এমনভাবে গড়ে উঠেছে, যেখানে আমাদের জিডিপির ৬৫ শতাংশ আসছে শহরাঞ্চল থেকে। ঢাকা কেন্দ্রিক নগরায়নের জন্য আমরা যানজট, পানি দূষণ, বায়ু দূষণ প্রভৃতি চ্যালেঞ্জের মুখোমুখি হচ্ছি। সেই সঙ্গে আমাদের কর্মঘণ্টা নষ্ট হওয়ার পাশাপাশি বাড়ছে জ্বালানি খরচ ও স্বাস্থ্য ঝুঁকি। এ অবস্থায় ঢাকার বিকেন্দ্রীকরণের কোনও বিকল্প নেই। পাশাপাশি নগরবাসীর জীবনমান উন্নয়নের জন্য সুচিন্তিত কর্মপরিকল্পনা নীতি গ্রহণ করা সময়ের দাবি।'

দেশের প্রতিটি শহরে দীর্ঘমেয়াদি বিনিয়োগ আকৃষ্ট করতে প্রয়োজনীয় আইনগত, প্রশাসনিক, অবকাঠামো ও আর্থিক সক্ষমতা বাড়ানো, পরিকল্পিত স্যাটেলাইট শহরের বিকাশ, ঢাকার বাইরে বসবাসকারীদের জন্য ট্যাক্স হলিডে, সুলভ মূল্যে ইউটিলিটি পরিসেবা দেওয়ার পাশাপাশি আর্থিক প্রণোদনার আহ্বান জানান ব্যারিস্টার সামির সাত্তার। এছাড়া টেকসই নগরায়ন ও শহরের বিকেন্দ্রীকরণ নিশ্চিত করতে সুশাসন, পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন ও রাজনৈতিক সদিচ্ছার কোনও বিকল্প নেই বলে মত প্রকাশ করেন তিনি।

ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী বলেন, 'আমাদের সবকিছু ঢাকা কেন্দ্রিক। এটা থেকে বের হয়ে আসতে হবে। সরকার ঢাকার বাইরেও অবকাঠমো খাতে উন্নয়ন করেছে। এর সুফল দেশবাসী শিগগিরই পাবেন।'

ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী বলেন, 'আমাদের সবকিছু ঢাকা কেন্দ্রিক। এটা থেকে বের হয়ে আসতে হবে। সরকার ঢাকার বাইরেও অবকাঠমো খাতে উন্নয়ন করেছে। এর সুফল দেশবাসী শিগগিরই পাবেন।'

রাজধানীর উপশহরগুলোকে আরও উপযোগী করার জন্য সরকার নিরসলভাবে কাজ করছে জানিয়ে তিনি বলেন, 'মেট্রোরেলের অবকাঠামোর সম্প্রসারণ আরও ১০-১৫ বছর চলমান থাকবে। এতে যানজট কমবে এবং নগরবাসী উন্নত যোগাযোগব্যবস্থা উপভোগ করবেন।'

বর্তমান সরকার অবকাঠামো খাতের উন্নয়ন ও শিল্পায়নে জোর দেওয়ার কারণে আমাদের অর্থনীতিতে গতি এসেছে মন্তব্য করে ভূমিমন্ত্রী বলেন, 'ব্যবসা পরিচালন ব্যয় কমানো এবং সরকারি কার্যক্রমে স্বচ্ছতা ও সুশাসন নিশ্চিত করতে সরকার কাজ করছে। সিটি জরিপে কিছু ভুল দেখা গেছে, তবে ডিজিটাল সার্ভে গ্রহণের উদ্যোগ নেওয়া হয়েছে, যা আগামী কয়েক বছরের মধ্যে সম্পন্ন হলে দেশবাসী আধুনিক সেবা গ্রহণ করতে পারবেন।'

সাইফুজ্জামান চৌধুরী বলেন, 'তিন ফসলি জমিতে কোনও শিল্প-কারাখানা নয়, কারণ আমাদের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে হবে।' সেই সঙ্গে দুফসলি জমিতেও শিল্প কারখানা স্থাপন না করার জন্য উদ্যোক্তাদের প্রতি আহ্বান জানান তিনি। কৃষিভিত্তিক শিল্প-কারখানায় আধুনিক প্রযুক্তি ব্যবহারের ওপর জোরা দেন মন্ত্রী।